

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৬.২০১৬- ১৫৬

তারিখঃ ২৭.০৩.২০১৭খ্রিঃ


আদেশ

যেহেতু, ডাঃ প্রবীর কুমার ভৌমিক (৩৭৫০১), অধ্যাপক (অর্থোসার্জারী), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত- শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ, গাজীপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ০৭.১২.২০১৬খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৬.২০১৬-৮৭৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৭.০৩.২০১৭খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ০৯.০৮.২০১৪ তারিখ হতে ১৮.০৮.২০১৪ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটিকালীন সময়ে শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়েন এবং তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে তার অসুস্থতার বিষয়টি অবহিত করেন। দীর্ঘদিন শারীরিকভাবে অসুস্থ থাকার পর চিকিৎসা গ্রহণ শেষে সুস্থ হয়ে গত ১৬.০৮.২০১৬খ্রিঃ তারিখে কর্মস্থলে যোগদান করেন। পারিবারিক বিভিন্ন অসুবিধার কারণে অনিচ্ছাকৃত অনুপস্থিতির জন্য তিনি ক্ষমা প্রার্থনা করেন। তিনি তাঁর চাকুরির ৫৯ বছর পূর্তিতে ২৩.০৩.২০১৭খ্রিঃ সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করবেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ প্রবীর কুমার ভৌমিক (৩৭৫০১), অধ্যাপক (অর্থোসার্জারী), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত- শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ, গাজীপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তার ১৯.০৮.২০১৪খ্রিঃ তারিখ হতে ১৫.০৮.২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকাল বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

  
(মোঃ সিরাজুল ইসলাম)  
সচিব


উপপরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৬.২০১৬- ৪৫৬/০(২)

তারিখঃ ২৭.০৩.২০১৭খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ, গাজীপুর।
- ৪। যুগ্মসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ প্রবীর কুমার ভৌমিক (৩৭৫০১), অধ্যাপক (অর্থোসার্জারী), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত- শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ, গাজীপুর।

  
(আসমা তাসকিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৫.২০১৬- ১৬২

তারিখঃ ২৭.০৩.২০১৭খ্রিঃ

বিষয়ঃ ব্যক্তিগত শুনানি।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে ডাঃ ফাহিমা নাহিদ (৩৯২৫৮), প্রাক্তন সহকারী অধ্যাপক (চক্ষু), ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল, ফরিদপুর এর বিরুদ্ধে বুজুকৃত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানী আগামী ০৪.০৪.২০১৭ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস (কক্ষ নং- ৩১১, ভবন-৩, ৪র্থ তলা) কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(আসমা তাসকিন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)


ডাঃ ফাহিমা নাহিদ (৩৯২৫৮)  
প্রাক্তন সহকারী অধ্যাপক (চক্ষু)  
ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল, ফরিদপুর।  
(স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-কোকরাহাট, ডাকঘর-বলড়া, থানা-হরিরামপুর, জেলা-মানিকগঞ্জ)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৫.২০১৬- ১৬২(১৬)

তারিখঃ ২৭.০৩.২০১৭খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নির্ধারিত তারিখে একজন প্রতিনিধিকে সংশ্লিষ্ট নথিপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য এবং নোটিশটি যথাযথভাবে জারি করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাকে অভিযুক্তের বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের নথিতে রক্ষিত সকল কাগজপত্রের অনুলিপি ০৩.০৪.২০১৭ তারিখের মধ্যে শৃংখলা-১ শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৪। ডাঃ মেহের পারভীন, সহকারী পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। ডাঃ মোঃ আব্দুল মজিদ, সহকারী পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। অতিরিক্ত সচিব (শৃংখলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(আসমা তাসকিন)  
উপসচিব